

ত্রিপুরা সরকার  
কর্মবিনিয়োগ ও জনশক্তি পরিকল্পনা দপ্তর  
আগরতলা

বিজ্ঞপ্তি

Subject: ১৯.১০.২০১৪ ইং তারিখে বাণী বিদ্যাপীঠ উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়ে অনুষ্ঠিত Staff Selection Commission এর Combined Graduate Level (Tier-I) Examination, 2014 পরীক্ষা, পুনরায় ১৬.১১.২০১৪ ইং তারিখে অনুষ্ঠিত হবার বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে গত ১৯.১০.২০১৪ ইং তারিখে বাণী বিদ্যাপীঠ উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়ে অনুষ্ঠিত Staff Selection Commission কর্তৃক পরিচালিত Combined Graduate Level (Tier-I) Examination, 2014 তে যেসকল পরীক্ষার্থীগণ পরীক্ষায় বসেছিলেন, অনিবার্য কারণবশত সেই পরীক্ষা বাতিল করা হয়েছে এবং কর্তৃপক্ষের (Staff Selection Commission) নির্দেশানুসারে আগামী ১৬.১১.২০১৪ ইং তারিখে, সেই পরীক্ষা পুনরায় বাণী বিদ্যাপীঠ উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়েই অনুষ্ঠিত হবে। সেই তারিখে (১৯.১০.২০১৪) বাণী বিদ্যাপীঠ উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্রে উপস্থিত থাকা সেই সমস্ত পরীক্ষার্থীদের পুনরায় পরীক্ষায় বসার জন্য অনুরোধ করা হচ্ছে।

পরীক্ষার্থীদের আরো জানানো যাচ্ছে যে ১৬.১১.২০১৪ ইং তারিখে পুনরায় অনুষ্ঠিত পরীক্ষায় বসার জন্য ADMIT CARD, [www.sscner.org.in](http://www.sscner.org.in) ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। ডাউনলোড করতে কোন অসুবিধা হলে কর্মবিনিয়োগ জনশক্তি ও পরিকল্পনা দপ্তরের অধিকর্তার অফিসলেন আগরতলাস্থিত কার্যালয়ে নতুন ADMIT CARD এর জন্য অতিসত্বর যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। দূরভাষ - (০৩৮ ১)২৩২৪৩২৭।

  
(B. Debbarma, IAS)  
Director

Employment Services & Manpower  
Planning, Tripura